কালবেলা
আঁধার পেরিয়ে
৪
বুধবার
৩০ সেপ্টেম্বর ২০২৬
১৫ আশ্বিন ১৪৩৩
১৪ রবিউস সানি ১৪৪৮

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

চন্দ্রগঞ্জ শাখা, চন্দ্রগঞ্জ, লক্ষ্মীপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, চন্দ্রগঞ্জ শাখা, চন্দ্রগঞ্জ, লক্ষ্মীপুর এর খেলাপী ঋণগ্রহীতা মেসার্স ইসলাম ফার্মেসী,স্বত্বাধিকারী: সাইফুল ইসলাম, পিতা-জহিরুল ইসলাম, মাতা-শিরিন আক্তার, গ্রাম-সুলতানপুর, ডাকঘর-সুলতানপুর (৩৮২২), থানা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী এর নিকট ২৮/০৯/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা ৪৮,০৬,৪৮৫.০৫ (আটচল্লিশ লক্ষ ছয় হাজার চারশত পঁচাশি টাকা পাঁচ পয়সা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে জনাব সাইফুল ইসলাম পিতাঃ জহিরুল ইসলাম, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

<u>দরপত্রের শর্তাবলী :</u>

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৯.১০.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%; দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, চন্দ্রগঞ্জ শাখা, লক্ষ্মীপুর- এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

<u>বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :</u>

জেলা- নোয়াখালী, উপজেলা- বেগমগঞ্জ, সাব-রেজিষ্ট্রি অফিস : বেগমগঞ্জ, সাবেক এবং হালে ১২৬ নং সুলতানপুর মৌজার সি.এস ৬২ নং, এস.এ. ১১৬ নং, বি.এস. ১৮৪ নং, সাবেক ৯৯, ১০০, হালে ৮৫ দাগে মোটঃ ২৬ (ছাব্বিশ) শতাংশ ভূমি। চৌহদ্দি : উত্তরে- রাস্তা, দক্ষিণে- খোরশেদ গং, পূর্বে- মোজাম্মেল হোসেন গং, পশ্চিমে-সায়মন ইসলাম গং।

মৌজায় মোট ২৬.০০ শতাংশ ভূমিই নিলাম দরপত্রের বন্ধকী ভূমি।

পক্ষে : প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, চন্দ্রগঞ্জ শাখা, লক্ষ্মীপুর। ফোন নং: ০১৭০১-২০৯৭৮১, ০১৯১২-০৭৮৬৩৭